

Am. ✓
24. Apr. 2000

ANANDA BAZAR

Dated :- 24.04.00.

সুন্দরবনে মিলল গণ্ডারের কঙ্কাল

নিজস্ব সংবাদদাতা, ক্যানিং: সুন্দরবনের ৩ নম্বর ছোট মোল্লাখালি এলাকা থেকে ব্যাঘ্র প্রকল্পের কর্মীরা শনিবার পূর্ণবয়স্ক একটি গণ্ডারের হাড় উদ্ধার করেছেন। দিন কয়েক আগে এই এলাকা থেকেই একটি গণ্ডারের মাথার খুলি পাওয়া গিয়েছিল। স্থানীয় বাসিন্দারা সেটি উদ্ধার করে ব্যাঘ্র প্রকল্পের অফিসারদের হাতে তুলে দেন। গণ্ডারের ওই মাথার খুলিটি পাওয়ার সূত্র ধরেই বন দফতরের অফিসাররা ওই একই জায়গায় নদীবাঁধের ফাটল খোঁড়ার কাজে হাত দেন। শনিবার খনন কাজ চলাকালীন সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের অধিকর্তা প্রদীপ গুক্রাও ঘটনাস্থলে ছিলেন। প্রদীপবাবু জানান, “এগুলো ১০ ফুট লম্বা একশৃঙ্গ একটি পূর্ণ বয়স্ক গণ্ডারের হাড়। দু'একটি ছাড়া সব হাড়গুলিই উদ্ধার করা গিয়েছে। এর আগে যে খুলিটি পাওয়া গিয়েছে সেটি এই গণ্ডারটির বলেই আমাদের অনুমান। তবে এটি কোন প্রজাতির গণ্ডার তা এখনও জানা যায়নি।” সেটি জানার জন্যই হাড়গুলি ভারতীয় প্রাণীবিদ্যা সর্বেক্ষণের (জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া) দফতরে পাঠানো হবে বলে প্রকল্প অধিকর্তা জানিয়েছেন। তার আগে ওই হাড়গুলি সজনেখালি ট্যারিষ্ট লজে রাখা হয়েছে। বন দফতরের পদস্থ অফিসারদের ধারণা, প্রায় তিনশো বছর আগে অসম এবং উত্তরবঙ্গের জঙ্গলের মতোই সুন্দরবনেও গণ্ডারের অস্তিত্ব ছিল। পরবর্তীতে তারা লুপ্ত হয়ে যায়। বিস্তারিত তথ্য সংগ্রহের জন্য জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার অফিসাররা ওই এলাকায় যাবেন বলে বন দফতর সূত্রে জানা গিয়েছে।

BONES OF RHINO FOUND IN SUNDERBAN

Translation of enclosed
paper cutting

THE WORKERS OF TIGER PROJECT HAVE FOUND A BONE OF A FULLGROWN RHINO FROM ^(NO 3) CHOTO MOLLAKHALI AREA OF SUNDERBAN. FEW DAYS AGO A SKULL OF A RHINO WAS FOUND IN THIS AREA. THE LOCAL PEOPLE RECOVERED IT & HANDED OVER TO FOREST DEPARTMENT, THE FOREST OFFICERS THEN STARTED TO DIG THE DYKE AT THE SAME PLACE. THE FIELD DIRECTOR MR. PRADIP SUKLA INFORMED THAT THESE BONES BELONGS TO A 10 FOOT LONG ONE HORNED RHINO. MOST OF THE BONES HERE RECOVERED EXCEPT TWO OR THREE. HE THINKS THAT THE PREVIOUSLY RECOVERED SKULL BELONGS TO THE SAME RHINO. BUT THEY ARE NOT SURE ABOUT WHICH SPECIES THIS RHINO BELONGS — AND FOR THIS, THESE BONES ARE BEING SENT TO Z.S.I. THE FOREST OFFICIALS THINKS THAT ABOUT 300 YEARS AGO, SUNDERBANS ALSO HAD RHINO LIKE ASSAM & NORTH BENGAL — ~~AND~~ BUT GOT EXTINCT LATER, THE FOREST OFFICIALS ALSO INFORMED THAT THE EXPERTS FROM Z.S.I. SHALL VISIT THE PLACE FOR COLLECTING MORE INFORMATION ON THE ABOVE SUBJECT.

[H], [ZM], [ZR]